# বেসিক ব্যাংক লিমিটেড
শতভাগ রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক
গুলশান শাখা, ঢাকা।
(অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৫) ধারা মোতাবেক)

## সার্টিফিকেট বলে অর্জিত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ক্রেতা ও সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বেসিক ব্যাংক লিঃ, গুলশান শাখা, ৩৩, গুলশান সাউথ কমার্শিয়াল এরিয়া, গুলশান এভিনিউ, সার্কেল-১, ঢাকা-১২১২ **এর ঋণগ্রহীতা/বিবাদী/দায়িক (১)" Tahmina Knitwear Limited,** এর ব্যবস্থাপনা পরিচালক জনাব ইয়াসির আহমেদ খান, পিতা-জনাব আব্দুল কাদের খান। ঠিকানা- বাসা নং-১৬৪, রোড নং-ডি এম সি-৩৬৯, ঢাকা ক্যান্টনমেন্ট-১২০৬, ঢাকা। ফ্যাক্টরি-সারাব, কাশিমপুর, গাজীপুর। **২। জনাব ইয়াসির আহমেদ খান,** ব্যবস্থাপনা পরিচালক- **Tahmina Knitwear Limited,** পিতা-জনাব আব্দুল কাদের খান। ঠিকানা- বাসা নং-১৬৪, রোড নং-ডি এম সি-৩৬৯, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬। ফ্ল্যাট নং-৩০৪, বাসা নং-৩৯, রোড নং-১২-এ, ধানমন্ডি আবাসিক এলাকা, পোস্ট- ঝিগাতলা-১২০৯, ঢাকা, **৪। মোঃ আব্দুল কাদের খান,** পিতা- মৃত আব্দুল আজিজ খান, **৫। পারভিন ইসলাম, ৬। ফেরদৌস আমিন** (উভয়ের পিতা- আব্দুল কাদের খান ৪-৬ সকলের বাসা- নং-৩৬৯, দক্ষিন কাফরুল, ঢাকা ক্যান্টনমেন্ট)। এদের পক্ষে আম-মোক্তার জনাব ইয়াসির আহমেদ খান (বন্ধক দাতা) **৭। নাদিয়া খান,** স্বামী- জনাব ইয়াসির আহমেদ খান, ১৬৪ দক্ষিন কাফরুল, রোড নং-ডি এম সি-৩৬৯, ঢাকা ক্যান্টনমেন্ট- ১২০৬, ঢাকা। (বন্ধকদাতা)
গণের বিরুদ্ধে ডিক্রিদার-ব্যাংক অর্থঋণ মোকদ্দমা নং- ৬৮/২০ দায়ের করিয়া এবং উক্ত মোকদ্দমায় রায় ও ডিক্রি প্রাপ্ত হইয়া এবং সেই আলোকে অর্থজারী মোকদ্দমা নং-১২৭/২১ দায়ের করিয়া অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক সার্টিফিকেট বলে অর্জিত সম্পত্তি বিক্রয়ের অধিকার লাভ করিয়াছেন এবং বিগত ১৪/০২/২০২২ ইং তারিখে বিজ্ঞ অর্থঋণ আদালত নং-১, ঢাকা ডিক্রিদার-ব্যাংকের বরাবরে একখানা সার্টিফিকেট ইস্যু করিয়াছেন। ফলে ডিক্রিদার-ব্যাংক কর্তৃক পাওনা ডিক্রিজারীকৃত টাকা এবং নিলাম কালতক পর্যন্ত সুদ ও আনুষঙ্গিক খরচ আদায়ের লক্ষ্যে নিম্ন তফসিল সম্পত্তি নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহ্বান করা যাইতেছে। **আগামী ০৭/০৭/২০২৪ ইং তারিখ বেলা ২.৩০ ঘটিকার** মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, গুলশান শাখা, ঢাকায় রক্ষিত বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা করিতে হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হইবে।

**-শর্তসমূহ-**

১. প্রত্যেক দরপত্র অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় (প্রত্যেকটি তফসিলের জন্য একই দরপত্রে পৃথকভাবে দরমূল্য লিখিতে হইবে।) লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।

২. দরপত্র অপরাহ্ন ২.০০ ঘটিকার মধ্যে ব্যাংকে রক্ষিত নির্ধারিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ২.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে।

৩. প্রত্যেক দরদাতা উদ্বৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০% উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে বেসিক ব্যাংক লিমিটেড এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

৪. অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

৫. দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত যে কোন একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৬. উপরে বর্ণিত ৩ ও ৪ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

৭. সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বসাশিত প্রতিষ্ঠানের যথা:- পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমি কর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

৮. নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

৯. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করেন বটে। **"ক-তফসিল বর্নিত সম্পত্তির বিবরণঃ"**

"জিলা- ঢাকা, সাবরেজিস্ট্রি অফিস- গুলশান, জে এল নং- সিএস-২৬৮, এসএ-১০১, আরএস-০২, ঢাকা সিটি জরিফ-০৬, **মৌজা-কাফরুল,** সিএস খতিয়ান নং-৪০৪, এসএ খতিয়ান নং-২৯৩, আরএস খতিয়ান নং-২৪, ঢাকা সিটি জরিফ খতিয়ান নং-১৫৮৬, প্লট নং- সিএস ও এসএ-১৬৪, হাল প্লট নং-২৫৭৮ ও ৪০৫১, ঢাকা সিটি জরিফ প্লট নং-৫৮৬২, নামজারী খতিয়ান নং-৪৫৭২, জোত নং-১২৯/২৪, নামজারী প্লট নং-৫৮৬২, **জমির পরিমান-৮.১২ শতাংশ ও তদস্থিত স্থাপনাসহ,"**

**উপ-মহাব্যবস্থাপক ও শাখা প্রধান**
বেসিক ব্যাংক লিমিটেড, গুলশান শাখা
৩৩ সাউথ কমার্শিয়াল এলাকা গুলশান সার্কেল-১, ঢাকা-১২১২। ফোন নংঃ ৯৮৮৩৫০১-২

দৈনিক যুগান্তর/আমাদের সময়
প্রকাশ ০৬/০৬/২০২৪ (ভিতরের পাতায় সাদাকালো)